

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
Web:mcpmp.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩৬

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য কর্মসূচিভুক্ত পিরোজপুর জেলাধীন ভাণ্ডারিয়া উপজেলার জানুয়ারি-২০২৬ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় উপজেলায় চলতি অর্থবছরে মোট ঋণ বিতরণ মাত্র ১৪.৮০ লক্ষ টাকা, ঋণ আদায় মাত্র ১৪.১১ লক্ষ টাকা এবং উপজেলায় মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১৭.৪৪ লক্ষ টাকা। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে যোগাযোগে ঋণ বিতরণ ও আদায় কম হওয়ার কারণসহ খেলাপী বৃদ্ধির কারণের যৌক্তিক জবাব পাওয়া যায়নি। এহেন পরিস্থিতি বিবেচনায় উপজেলার খেলাপী ঋণ সরেজমিনে তদন্ত করা প্রয়োজন। এমতাবস্থায়, বিআরডিবি পিরোজপুর জেলাধীন ভাণ্ডারিয়া উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র যাবতীয় আর্থিক কার্যক্রম সঠিকভাবে যাচাই/ তদন্ত করার নিমিত্ত নিম্ন উল্লেখ্য ২ (দুই) সদস্য বিশিষ্ট একটি যাচাই/ তদন্ত কমিটি গঠন করা হলো:

কমিটি:

- ১। জনাব মোঃ সাব্বির মাহমুদ, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: খুলনা-----আহায়ক।
- ২। জনাব নয়ন কুমার কুণ্ডু, শস্য উন্নয়ন কর্মকর্তা, অপ্রধান শস্য কর্মসূচি, বিআরডিবি, উপ-অঞ্চল: গোপালগঞ্জ-----
সদস্য।

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি সংযুক্ত ছক-'ক' (সদস্যওয়ারী ডিটেইল লিস্ট) অনুসারে সরেজমিনে সদস্যদের বাড়িবাড়ি/ এলাকায় গমনপূর্বক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক সকল দলের ঋণ বিতরণী সনদের কপি, সাপ্তাহিক/ মাসিক আদায় শীটের কপি এবং প্রয়োজনে ঋণ নথি/ দলের সংগঠনিক নথি তদন্ত কমিটিকে সরবরাহ করবেন।
- (২) ছক-'ক' এর তথ্য সংগ্রহ শেষে কমিটি সংযুক্ত ছক-'খ' (দলভিত্তিক/সমিতিভিত্তিক ডিটেইল লিস্ট) প্রণয়ন করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা দপ্তরে সংরক্ষিত ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি ও ব্যাংক স্টেটমেন্ট এর সঙ্গে উহা মিলকরণ করবেন। এ কাজে সংশ্লিষ্ট ইউআরডিও কর্তৃক উপজেলার ঋণ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ক্যাশবহি এবং সংশ্লিষ্ট ব্যাংক স্টেটমেন্ট তদন্ত কমিটির নিকট উপস্থাপন/ সরবরাহ করবেন। কমিটি প্রয়োজনে উহার ফটোকপি সংশ্লিষ্ট প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।
- (৩) ছক-'ক' এবং ছক-'খ' এর তথ্য যাচাই প্রেক্ষিতে উপজেলায় কোন হস্তমজুদ/ আত্মসাৎ বা ঋণ বিতরণে কোন অনিয়ম আছে কি না তা কমিটি কর্তৃক যাচাই করতে হবে। এ ধরনের কোন তথ্য উদঘাটিত হলে তার জন্য কে কে দায়ী এবং কতটুকু দায়ী তা কমিটি প্রতিবেদনে সন্নিবেশিত করবেন।
- (৪) আগামী ১০ কার্যদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় এ যাচাই/ তদন্ত কার্যক্রম সম্পন্নপূর্বক প্রণীত প্রতিবেদন কর্মসূচী দপ্তরে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, এ তদন্ত কাজের বিপরীতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় টিএ/ ডিএ এবং অন্যান্য ব্যয় কর্মসূচি হতে নির্বাহ করা হবে।
বিষয়টি অতীব জরুরি।



২৫-০২-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৫৫০১১৭৪৯
ইমেইল : pdmcpmp@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.০১.০০০১.২৬.৩৬/১ (৮)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পিরোজপুর।
- ২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা।
- ৩। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিআরডিবি, ভান্ডারিয়া, পিরোজপুর (পত্রের নির্দেশ না মোতাবেক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৫। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]।
- ৬। জনাব মোঃ সাক্বির মাহমুদ, অপ্রধান শস্য বিশেষজ্ঞ, বিআরডিবি, উপ-অঞ্চল: খুলনা।
- ৭। জনাব নয়ন কুমার কুণ্ডু, শস্য উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপ-অঞ্চল: গোপালগঞ্জ এবং
- ৮। অফিস, নথি।



২৫-০২-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক